

## প্রেস রিলিজ

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখে (মঙ্গলবার) সকাল ১১:০০ ঘটিকায় সাম্প্রতিককালে দেশের ই-কমার্স সেক্টরের কার্যক্রম বিষয়ক সভা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এর সভাপতিত্বে কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় উপস্থিত ছিলেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব বাবলু কুমার সাহা, কমিশনের বিজ্ঞ সদস্যমণ্ডলী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংক, এন.এস.আই, ই-ক্যাব, ইকনোমিক রিপোর্টার্স ফোরাম, বুমবুম, বেবিনিডস বিডি, আলাদিনের প্রদীপ, দারাজ বাংলাদেশ লি., প্রিয়শপ.কম লি., চালডাল লি., রেডেক্স সহ অন্যান্য প্রতিষ্ঠানের এর প্রতিনিধিগণ।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন সংশ্লিষ্ট সকলকে প্রতিযোগিতা আইন ও বিশ্বব্যাপী প্রচলিত প্রতিযোগিতা সংস্কৃতির কথা তুলে ধরে তা প্রতিপালনের জন্য অনুরোধ জানান। ব্যবসায়িক কর্মকাণ্ডে আইনী কাঠামো অনুসরণ ও নৈতিকতাবোধের উপর তিনি গুরুত্ব আরোপ করেন। প্রতিযোগিতা আইনের ১৫ ও ১৬ ধারা উল্লেখ করে তিনি বলেন, ই-কমার্স সেক্টরে এ আইনের ব্যত্যয় ঘটানোর সম্ভাবনা থাকায় পূর্ব সতর্কতা স্বরূপ তাদেরকে এ সভার মাধ্যমে অবহিত করা হলো। ভবিষ্যতে বাজারে বিরূপ প্রভাব সৃষ্টিকারী প্রতিযোগিতা আইন বিরোধী কার্যক্রম পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে তিনি উল্লেখ করেন।

এছাড়াও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব বাবলু কুমার সাহা, কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন এবং জনাব নাসরিন বেগমও সভায় গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। উপস্থিত প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ তাদের নিজ নিজ ব্যবসার পলিসি ডিসকাউন্ট পদ্ধতি, মুনাফা এসব বিষয়ের সুস্পষ্ট আলোচনা করেন। এবং প্রতিযোগিতা বিরোধী কোন কর্মকাণ্ডে না জড়ানোর প্রতিশ্রুতি ব্যক্ত করেন।





